

সভা নং-১৬

সভাপতি : মোঃ শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৪/০৬/২০২২খ্রিঃ । সময়ঃ-দুপুর ১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা, মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	মোঃ দুলাল হোসেন, চেয়ারম্যান, কাকড়াঙ্গান, ইউ, পি	স্বাক্ষরিত
০৩।	এডঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, গজারিয়া ইউ, পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

- (ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা ।
- (খ) যুব ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায় ।
- (গ) নতুন প্রকল্প গ্রহণ ।
- (ঘ) বিবিধ ।

অদ্য ১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে শুনান, কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

১। যুব প্রশিক্ষণ সংক্রান্ত :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ৩০ জন করে মোট = ৩০x১৪ = ৪২০ জনকে বেকার যুব/যুব মহিলাদের কে বিভিন্ন ট্রেডে স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছিল । এ মর্মে এ মাসে সমস্ত প্রশিক্ষণ শেষ করা হয়েছে ।

সিদ্ধান্তঃ-সরকারের লক্ষ্যমাত্রা নির্ধারন নীতিমালা ও নির্দেশনার আলোকে স্থানীয় চাহিদার ভিত্তিতে গুরুত্ব বুঝে বিভিন্ন এলাকায় যুব/যুব মহিলাদের প্রশিক্ষন প্রদানে সকল সদস্য ধন্যবাদ জানান ও সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

যুব ঋণ বিতরন ও খেলাপী ঋণ আদায় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে (২০২১-২০২২) অর্থ বছরে ApA অনুযায়ী মোট ৪৯,৩০,০০০/= (উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার) টাকা যুব ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। সখিপুর উপজেলায় যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় =৩৮,৬০,০০০/- টাকা বিতরণ ঋণ বিতরন করতে সক্ষম হয়েছে। আগামী অর্থ বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরন করা হবে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, অত্র কার্যালয়ে প্রায় ১১,০০,০০০/= টাকা খেলাপী ঋণ রয়েছে। এই টাকাগুলো উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মিলিত ভাবে আদায় করা হচ্ছে। এ ব্যাপারে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি।

সিদ্ধান্ত ৪-প্রধান কার্যালয়ের দেয়া লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঋণ বিতরন এবং প্রশিক্ষণ প্রদান করতে হবে। খেলাপী ঋণ আদায়ে প্রশাসনের সহযোগিতা গ্রহন করে নোটিশ/তাগাদা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নতুন প্রকল্প গ্রহনঃ-উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার ও জাইকার যৌথ উদ্যোগে/অর্থায়নে উন্নয়নমূলক কার্যক্রম চালু করায় আমাদেরকে পত্র দিয়েছিল। আমাদের জেলা পরিষদের আওতায় হওয়ায় কোন সুযোগ সুবিদা অদ্যাবদি পর্যন্ত পাইনি। আমাদের অফিস ভবনে দীর্ঘ কয়েক বছর ধরে পানির সুব্যবস্থা নাই/না থাকায় আমরা মানবেতর জীবনযাপন করছি। মানুষ সেবা নিতে এলে বিরম্বনায় পড়তে হয় যা বর্তমান ডিজিটাল যুগে কাম্য নয়।

সিদ্ধান্তঃ-আলোচনা ও পর্যালোচনায় এহেন অবস্থায় বাংলাদেশ সরকার/জাইকার/ উপজেলা পরিষদের কোন ফান্ড থেকে আপাতত ০১ টি পাম্প বসিয়ে ও যাবতীয় আনুষাংগিক কার্যক্রম পরিচালনার জন্য অর্থ বরাদ্দ রাখার সুপারিশ ও অনুরোধ রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য সম্মানিত সদস্য বৃন্দ এবং সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২ -

তারিখঃ ১৪/০৬/২০২২খ্রীঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।



(মোঃ শাহ আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সখিপুর, টাঙ্গাইল।